

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ৯, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
অধিশাখা-৬
প্রজ্ঞাপন

তারিখ: ১৬ চৈত্র, ১৪২৩ বঙ্গাব্দ/৩০ মার্চ, ২০১৭ খ্রিস্টাব্দ

নং ৪০.০০.০০০০.০১৬.৩৪.০০১.১৬-১৬৭—শতভাগ রপ্তানিমুখী চামড়াজাত পণ্য শিল্প প্রতিষ্ঠানসমূহকে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২নং আইন) এর ধারা ৩২৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে ০১ এপ্রিল, ২০১৭ খ্রিঃ হতে ৩০ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিঃ পর্যন্ত ০৬ (ছয়) মাসের জন্য উক্ত আইনের ধারা ১০০, ১০২ এবং ১০৫ এর প্রয়োগ হতে নিম্নবর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে অব্যাহতি প্রদান করল :—

শর্তাবলী :

- (১) অতিরিক্ত সময় কাজের জন্য প্রচলিত বিধান মোতাবেক সাধারণ হারের দ্বিগুণ হারে ভাতা প্রদান করতে হবে।
- (২) কোন শ্রমিক দ্বারা তার সম্মতি ব্যতিরেকে কোন কার্যদিবসে অতিরিক্ত ০৪ (চার) ঘন্টার অধিক সময় কাজ করানো যাবে না।
- (৩) সাপ্তাহিক ছুটি প্রদান করতে হবে।
- (৪) কারখানায় বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং শ্রম বিধিমালা, ২০১৫ অনুসরণ করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শাকিলা জেরিন আহমেদ

উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd.

(৩৪১১)

মূল্য : টাকা ৪.০০